গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯৮ তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

## আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিঃ ক্রমিক নম্বর ০৩ (তিন)

পশ্চিম-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে একই এলাকায় (১৫.৭$^{O}$ উত্তর অক্ষাংশ এবং ৮৪.৫$^{O}$ পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ (১২ অক্টোবর ২০২০) সকাল ৬ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১০৮৬ কি. মি. দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১০৪৬ কি. মি. দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৯৪১ কি.মি দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৯৫১ কি. মি. দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরও ঘণীভূত হয়ে পশ্চিম/উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে।

নিম্নচাপ কেন্দ্রের ৪৪ কি. মি. এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ৪০ কি. মি. যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৫০ কি. মি. পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। নিম্নচাপ কেন্দ্রের নিকটে সাগর উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০১ (এক) (পুনঃ) ০১ (এক) নম্বর দূরবর্তী সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।
উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

**১২ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ**

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে পূর্ব/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর সতর্ক সংকেত (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**১২ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থা:** পূর্ব মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম মধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে বর্তমানে পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পূর্ব মধ্য বঙ্গোপসাগর এলাকায় আজ সকাল ০৬ টায় (১২ অক্টোবর, ২০২০) (১৫.৭ ডিগ্রী উত্তর অক্ষাংশ এবং ৮৪.৫ ডিগ্রী পূর্ব দ্রাঘিমাংস) অবস্থান করছে। এটি আরও ঘনীভূত হয়ে পশ্চিম উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। মৌসুমি বায়ুর অক্ষ বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী ধরনের সক্রিয় আছে।

**পূর্বাভাস:** রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

**তাপ প্রবাহঃ** গোপালগঞ্জ, রাঙ্গামাটি, চাঁদপুর, শ্রীমঙ্গল, পাবনা, নীলফামারী, মংলা, সাতক্ষীরা, যশোর, পটুয়াখালী ও ভোলা অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু কিছু এলাকায় অব্যাহত থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৬.০ | ৩৫.০ | ৩৬.৬ | ৩৬.০ | ৩৫.০ | ৩৬.০ | ৩৬.৪ | ৩৬.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৮ | ২৭.২ | ২৪.৩ | ২৫.৭ | ২৪.৭ | ২২.৭ | ২৪.৮ | ২৬.৩ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল চাঁদপুর ৩৬.৬° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২২.৭° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

## এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা ব্যতীত দেশের সকল প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

## নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| বৃদ্ধি | ২২ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০০ |
| হ্রাস | ৭৯ | **বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা** | ০০ |
| অপরিবর্তিত | ০০ | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২৭ আশ্বিন ১৪২৭ বঙ্গাব্দ/১২ অক্টোবর ২০২০ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**নেই।

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

## বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) : নেই।

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| - | - | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

## অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ১০ অক্টোবর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১১ অক্টোবর ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১ | ২ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৮। | খুলনা | ২ | ০ | ০ |
| | **মোট** | **১৩** | **২** | **০** |

## উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

**১। রংপুরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফানে জানান যে, গত ১১/১০/২০২০ তারিখ রাত ০৯.৩৮ ঘটিকায় জিএনসি রোড, নুরপুর, রংপুর সদর এলাকায় একটি লোহার কারখানায় সিগারেটের আগুন থেকে অগ্নিকান্ডের সূচনা হয়। ফায়ার সার্ভিসের ২টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে ০৯.৫৩ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকান্ডে দুই ব্যক্তি আহত হয়। অগ্নিকান্ডে একহাজার টাকার ক্ষতি হয় এবং দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা উদ্ধার করা হয়েছে।

## ট্রলার ডুবি

**১। চট্টগ্রামঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং-০৫.৪২.১৫০০.২১১.৯৪.০০৩.২০-৬৯১; তারিখঃ ১১/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, গত ০৩/১০/২০২০ খ্রিঃ তারিখে বাঁশখালী উপজেলার চাম্বল ইউনিয়নের গভীর সমুদ্রে মৎস্য আহরণের সময় শাহী মদিনা নামক ফিশিং বোট ৩৪ জন জেলে নিয়ে নিমজ্জিত হয়। আশপাশের কিছু ছোট মাছ ধরার নৌকার সহযোগিতায় কয়েক ধাপে ৩০ জন জেলে উদ্ধার করা হয়। অবশিষ্ট ০৪ জন অদ্যাবধি নিখোঁজ রয়েছেন। নিখোঁজ ব্যক্তিগণের তথ্য নিম্নরূপঃ

০১। আব্দু রহিম, পিতা- মোহাম্মদ সেলিম, সাং- জালিয়াখালী ০৪ নং ওয়ার্ড।
০২। নুরুল কবির, পিতা- মৃত নাছু মিয়া, সাং- মনকির চর, ০৩ নং ওয়ার্ড, শীলকুপ ইউপি।
০৩। রিপন দাশ, পিতা- কৃ দাশ, সাং- বন্দরটিলা, ৪০ নং ওয়ার্ড, বন্দর, চট্টগ্রাম।
০৪। মোহাম্মদ মোরশেদ, পিতা- মোস্তফা আলী, সাং- ভাদালিয়া, ০১ নং ওয়ার্ড, বাঁশখালী পৌরসভা।

## বজ্রপাতঃ

**১। কুষ্টিয়াঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং-৫১.০১.৫০০০.০০০.১৬.০০১.২০-৯৭১ ; তারিখঃ ১১/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, বর্ণিত জেলায় দৌলতপুর উপজেলায় বজ্রপাতে ০১ (এক) জন ব্যক্তি নিহত হন। নিহত ব্যক্তির তথ্য নিম্নরূপঃ

**টেবিলঃ ক (নিহত ব্যক্তির তালিকা)**

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | দৌলতপুর | নাম- নাহারুল ইসলাম (৫০), পিতা- মৃত সৈয়দ চৌকিদার, গ্রাম- সিরাজনগর, ইউনিয়ন- ফিলিপনগর, উপজেলা- দৌলতপুর, জেলা- কুষ্টিয়া | ৩০/০৯/২০২০ খ্রিঃ | বজ্রপাতে নিহত | কোন আর্থিক সহায়তা প্রদান করা হয়নি। |

১২-১০-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯৮/১(১৬৬)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১২-১০-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা